

মতুন ধাৰা ইন্ডিক

# আমাদেশময়

## বৃহস্পতিবার থেকে কোচিং সেন্টার বন্ধ

প্রকাশ | ২৮ মার্চ ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

আসন্ন এইচএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে ব্যবস্থা নিচে শিক্ষা মন্ত্রণালয়। যেসব কোচিং সেন্টার এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম পরিচালনা করে, সেগুলো ২৯ মার্চ বৃহস্পতিবার থেকে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রণালয়। গতকাল মন্ত্রণালয়ের উর্ধ্বর্তন এক কর্মকর্তা এ তথ্য জানিয়েছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব আবু আলী মো. সাজ্জাদ বলেন, আগামী ২ এপ্রিল এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। এর চার দিন আগে অর্থাৎ ২৯ মার্চ থেকে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এসব কোচিং সেন্টার বন্ধ থাকবে।

মন্ত্রণালয়ের জারি করা পরিপত্র অনুযায়ী, পাবলিক পরীক্ষা শুরুর সাতদিন আগে থেকে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধের নির্দেশনা রয়েছে। তবে ২ এপ্রিল থেকে শুরু হওয়া এইচএসসি পরীক্ষার চার দিন আগে অর্থাৎ ২৯ মার্চ থেকে সব কোচিং সেন্টার বন্ধের নির্দেশ দিল শিক্ষা মন্ত্রণালয়। সময় স্থল্পতা এবং অন্যান্য কারণে এবার চার দিন আগে থেকে কোচিং সেন্টার বন্ধের নির্দেশনা দেওয়া হয়েছে।

**ভারপ্রাণ সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি